# ঃ বাংলা সাম্মানিক ঃ

স্নাতক শ্রেণি

**Course Outcome :**

**প্রথম পত্র :**

CO 1 : বাংলা সাহিত্যের ইতিহাস ( প্রাচীন, মধ্য, আধুনিক ) সম্পর্কে শিক্ষার্থীরা অবগত হয়

CO 2 : বাংলা ভাষার উদ্ভব ও ক্রমবিকাশ সম্পর্কে শিক্ষার্থীদের ধারণা জন্মে

CO 3 : ইংরাজি সাহিত্যের ইতিহাস এবং বাংলা সাহিত্যের সঙ্গে ইংরাজি সাহিত্যের সম্পর্ক সম্বন্ধে শিক্ষার্থীরা পরিচয় লাভ করে

**দ্বিতীয় পত্র :**

CO 1 : মুকুন্দ চক্রবর্তীর 'চণ্ডীমঙ্গল' কাব্য পাঠের মাধ্যমে মুকুন্দ চক্রবর্তী এবং চণ্ডীমঙ্গল ধারা সম্পর্কে সম্যক ধারণা সৃষ্টি হয়

CO 2 : চৈতন্য পূর্ববর্তী এবং চৈতন্য পরবর্তী বৈষ্ণব কবিদের বৈষ্ণব পদ পাঠের মাধ্যমে বৈষ্ণব

CO 3 : পদাবলী সম্বন্ধে শিক্ষার্থীদের স্বচ্ছ ধারণা জন্মে

CO 4 : 'শাক্ত পদাবলী' উদ্ভবের ইতিহাস এবং শাক্তপদ পাঠের মাধ্যমে অষ্টাদশ শতকের বাংলা সাহিত্য সম্পর্কে শিক্ষার্থীরা অবগত হয়

CO 5 : বাংলা কবিতার ছন্দ সম্পর্কে ধারণা জন্মে

CO 6 : বাংলা কবিতার অলঙ্কার সম্পর্কে ধারণা জন্মে

**তৃতীয় পত্র :**

CO 1 : কথাসাহিত্যের রূপ ও রীতি সম্পর্কে ধারণা লাভ হয়

CO 2 : 'চোখের বালি' উপন্যাস পাঠের মাধ্যমে রবীন্দ্রনাথের উপন্যাস সম্পর্কে প্রাথমিক ধারণা জন্মে

CO 3 : 'রজনী' উপন্যাস পাঠের মাধ্যমে বঙ্কিমচন্দ্রের উপন্যাস সম্পর্কে প্রাথমিক ধারণা জন্মে

CO 4 : 'পল্লীসমাজ' উপন্যাস পাঠের মাধ্যমে শরৎচন্দ্রের উপন্যাস সম্পর্কে প্রাথমিক ধারণা জন্মে

CO 5 : রবীন্দ্রনাথ এবং রবীন্দ্রসমসাময়িক গল্পকারদের গল্প সম্পর্কে ধারণা লাভ হয়

**চতুর্থ পত্র :**

CO 1 : প্রবন্ধ সাহিত্যের রূপ ও রীতি সম্পর্কে ধারণা লাভ হয়

CO 2 : 'পঞ্চভূত' প্রবন্ধ গ্রন্থ পাঠের মাধ্যমে প্রাবন্ধিক রবীন্দ্রনাথ ঠাকুরের প্রবন্ধ সম্পর্কে প্রাথমিক ধারণা জন্মে

CO 3 : 'ছিন্নপত্র' পাঠের মাধ্যমে পত্রসাহিত্য , রবীন্দ্রনাথের পত্র রচনা কৌশল এবং

Scanned by CamScanner

রবীন্দ্র সাহিত্যের প্রথম পর্যায়ের প্রেক্ষাপট সম্পর্কে ধারণা হয়

CO 4: রবীন্দ্র সমসাময়িক প্রাবন্ধিকদের প্রবন্ধ পাঠের মাধ্যমে সে যুগের প্রবন্ধ সম্পর্কে ধারণা জন্মে

CO 5: সমালোচনামূলক প্রবন্ধ পাঠের মাধ্যমে ঐ জাতীয় প্রবন্ধের বিষয় ও রচনা কৌশল সম্পর্কে ধারণা হয়

**পঞ্চম পত্র :**

CO 1: নাটকের রূপ ও রীতি সম্পর্কে ধারণার সৃষ্টি হয়

CO 2: বঙ্গ রঙ্গ মঞ্চের ইতিহাস সম্বন্ধে জানা যায়

CO 3: 'মুক্তধারা' নাটক পাঠের মাধ্যমে রবীন্দ্রনাথের রূপক সাঙ্কেতিক নাটক সম্বন্ধে ধারণা হয়

CO 4: 'ছেঁড়াতার' নাটক পাঠের মাধ্যমে নবনাট্য আন্দোলন ও সেসময়কার নাটক সম্বন্ধে প্রাথমিক ধারণা জন্মে

CO 5: 'নীলদর্পন' নাটক পাঠের মাধ্যমে দীনবন্ধু মিত্রের নাটক সম্বন্ধে প্রাথমিক পরিচয় হয়

**ষষ্ঠ পত্র :**

CO 1: 'বীরাঙ্গনা কাব্য' পাঠের মাধ্যমে মধুসূদন দত্তের কাব্য সম্পর্কে প্রাথমিক ধারণা হয়

CO 2: 'সোনারতরী' কাব্য পাঠের মাধ্যমে রবীন্দ্রনাথের ঐশ্বর্য পর্বের কাব্যধারা সম্পর্কে সাধারণ ধারণা হয়

CO 3: 'নবজাতক' কাব্য পাঠের মাধ্যমে রবীন্দ্রনাথের অন্ত্যপর্বের কাব্যধারা সম্পর্কে জ্ঞান জন্মে

CO 4: রবীন্দ্র অনুসারী ও রবীন্দ্র সমসাময়িক কবিতা সম্পর্কে ধারণা জন্মে

CO 5: আধুনিক বাংলা কবিতা সম্পর্কে ধারণা হয়

**সপ্তম পত্র :**

CO 1: 'পদ্মানদীর মাঝি' পাঠের মাধ্যমে আঞ্চলিক উপন্যাস এবং মানিক বন্দ্যোপাধ্যায়ের উপন্যাস সম্পর্কে প্রাথমিক পরিচয় ঘটে

CO 2: 'ধাত্রীদেবতা' পাঠের মাধ্যমে আত্মজীবনীমূলক উপন্যাস এবং তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের উপন্যাস সম্পর্কে প্রাথমিক পরিচয় ঘটে

CO 3: 'জাগরী' উপন্যাস পাঠের মাধ্যমে কারা উপন্যাস এবং সতীনাথ ভাদুড়ীর উপন্যাস সম্পর্কে প্রাথমিক পরিচয় ঘটে

CO 4: 'প্রথম প্রতিশ্রুতি' উপন্যাস পাঠের মাধ্যমে ত্রয়ী উপন্যাস এবং আশাপূর্ণা দেবীর উপন্যাস সম্পর্কে প্রাথমিক পরিচয় ঘটে।

CO 5: আধুনিক গল্প পাঠের মাধ্যমে বাংলা গল্পে আধুনিকতা সম্বন্ধে ধারণা জাগে

Scanned by CamScanner

**অষ্টম পত্র :**

CO 1 : সংস্কৃত সাহিত্যের ইতিহাস পাঠের মাধ্যমে সংস্কৃত সাহিত্য এবং বাংলা সাহিত্যে তার প্রভাব সম্পর্কে জ্ঞান লাভ হয়

CO 2 : হিন্দি সাহিত্যের ইতিহাস পাঠের মাধ্যমে হিন্দি সাহিত্য এবং বাংলা ও হিন্দি সাহিত্যের পারস্পরিক সম্পর্ক সম্বন্ধে জ্ঞান লাভ হয়

CO 3 : 'সাহিত্য' প্রবন্ধ পাঠের মাধ্যমে সাহিত্য সম্পর্কে রবীন্দ্রনাথের সুচিন্তিত মতামত সম্বন্ধে পরিচিতি ঘটে

CO 4 : 'কাব্যজিজ্ঞাসা' পাঠের মাধ্যমে কাব্যতত্ত্ব সম্বন্ধে ধারণা হয়

CO 5 : বাংলা সাহিত্য নির্ভর প্রবন্ধ রচনার দক্ষতা তৈরি হয়

---------------------------

Scanned by CamScanner

# বাংলা সাধারণ
## পত্রভিত্তিক বিষয় নির্যাস

### প্রথম পত্র

এই পত্রে সামাজিক-রাজনৈতিক-অর্থনৈতিক পটপরিবর্তনের প্রেক্ষিতে আধুনিক যুগের (১৮০০ খ্রী. থেকে সাম্প্রতিক কাল) বাংলা সাহিত্য ও সাহিত্যিক সম্পর্কে জানা যাবে।

### দ্বিতীয় পত্র

আত্মগত কবিতার দুটি রূপ বৈষ্ণব পদাবলী ও মাইকেল মধুসূদন দত্তের ‘চতুর্দ্দশপদী কবিতাবলী’র মাধ্যমে জানা যাবে।

### তৃতীয় পত্র

চারটি প্রবন্ধের নিবিড় পাঠের মধ্যে দিয়ে প্রবন্ধ সাহিত্য সম্পর্কে ধারণা যেমন হবে, তেমনি বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের উপন্যাস ‘দেবী চৌধুরাণী’ ও রবীন্দ্রনাথ ঠাকুরের ‘গল্পগুচ্ছ’-এর নির্বাচিত অংশ পাঠের মধ্যে দিয়ে কথাসাহিত্যের বিভিন্ন দিক সম্বন্ধে শিক্ষার্থীরা অবহিত হবে।

### চতুর্থ পত্র

এই পত্র পাঠের পর ছন্দ-অলংকার এবং সাহিত্যের বিভিন্ন শ্রেণি ও তার বিশেষত্ব সম্পর্কে সাধারণ জ্ঞান লাভ করা সম্ভব।

### পঞ্চম পত্র

রবীন্দ্রনাথ ঠাকুরের ‘মানসী’ ও জীবনানন্দ দাশের ‘রূপসী বাংলা’ কাব্যগ্রন্থের নির্বাচিত অংশ পাঠের মাধ্যমে আধুনিক কবিতার মন ও মেজাজ সম্পর্কে জানা যাবে। রবীন্দ্রনাথ ঠাকুরের ‘বিসর্জন’ নাটকটির সামগ্রিক পাঠের মধ্যে দিয়ে শিক্ষার্থীদের নাট্যসাহিত্য সম্বন্ধে অবহিত করা যাবে।

### ষষ্ঠ পত্র

এই পত্রের বিষয় আধুনিক কথাসাহিত্য। আধুনিক বাংলা কথাসাহিত্যের গতি ও প্রকৃতির একটি সাধারণ ধারণার জন্য এখানে পাঠ্য হিসেবে নির্বাচন করা হয় শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের ‘দেনাপাওনা’ উপন্যাস এবং প্রেমেন্দ্র মিত্র, তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়, সুবোধ ঘোষ, মানিক বন্দ্যোপাধ্যায়, নরেন্দ্রনাথ মিত্রের একটি ক’রে ছোটোগল্প। নির্বাচিত সাহিত্য পাঠের মধ্যে দিয়ে সার্বিক ধারণা স্থাপনের প্রয়াস পাওয়া যায়।

### সপ্তম পত্র

এই পত্রের উদ্দেশ্য অনেকটাই ব্যবহারিক উপযোগিতা নির্ভর। পরিভাষা, প্রুফ সংশোধন, অনুচ্ছেদ রচনা, বিজ্ঞাপন/প্রাতিষ্ঠানিক পত্ররচনা, বঙ্গানুবাদ, আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালা বা রোমীয় লিপিতে রূপান্তর, সাক্ষাৎকার/প্রতিবেদন রচনার সঙ্গে ভাষাতত্ত্বের সাধারণ জ্ঞান অর্জন ক’রে শিক্ষার্থীগণ বাংলা ভাষায় তাদের বোধের ব্যাবহারিক প্রয়োগের সক্ষম হবে।